আছো কাছে, তবু নেই

জার্নিম্যান বুক্স

আছো কাছে, তবু নেই

সালমা ইয়াসমিন

জার্নিম্যান বুক্স

উৎসর্গ

‘Between the mirror and the heart
Is this single difference:
The heart conceals secrets,
While the mirror does not.’

-RUMI

জানিম্যান বুকস

সূ চি প ত্র

মৌন অভিমান ৯
তুমি-আমি ১০
দহন ১১
অপার্থিব আলোর রাত ১২
কোলাজ ১৩
প্রতিবিম্ব ১৪
বিভ্রম ১৫
তুমি কাছে আসলেই ১৬
ভুল ১৭
ভালোবাসা সারাবেলা ১৮
অপাপবিদ্ধ ১৯
মুঠোয় ভরা দিন ২০
প্রাপ্তি ২১
উপোসী উষ্ণতা ২২
স্পর্ধা ২৩
পরিচয় ২৪
সীমারেখা ২৫
অবেলার অভিমান ২৬
রিক্ত ২৭
প্রতিবেশি ২৮
২৯ ক্ষত
৩০ মৌনমন্ত্র
৩১ অভিমান
৩২ মনে পড়ে?
৩৩ ভাবনাজুড়ে
৩৪ সানফ্লাওয়ার
৩৫ কেউ নেই দরজায়
৩৬ প্রতীক্ষা
৩৭ বিস্মরণের বেলা
৩৮ অপরিচিতি
৩৯ আয়না জগৎ
৪০ দূরে যেতে যেতে
৪১ ভাবনা যখন
৪২ শূন্যতা
৪৩ বিভ্রম বিলাস
৪৪ বিস্মৃতির প্রার্থনা
৪৫ নিমগ্ন
৪৬ নতমুখ
৪৭ খোঁজ
৪৮ ছল

মৌন অভিমান

মৌনতায়ও অভিমান থাকে,
জমে থাকে বোবা কান্নারা।
শব্দহারা সেইসব ভাষা,
পড়ে নিও তুমিও নীরবে।
পার্থিব জীবনের সব চাওয়া
না পাওয়াই ভালো!
কিছু থাকুক আজীবন অধরাই,
স্বপ্নের মতো।
অর্ধেক জীবনজুড়ে নাই ছিলে,
অর্ধেকটা জুড়ে তবু আছো!

তুমি-আমি

জনারণ্যেও একা থাকার কষ্ট বোঝো?
নিঃসঙ্গতায় কেবল তুমি সুখ যে খোঁজো!
কাজল চোখের কোণটি ঘেঁষে বৃষ্টি জমে
রাঙা ঠোঁটের ভাঁজ ভেঙে সেই বিষাদ নামে।
তোমার দুঃখ ধোঁয়ার ফানুস, স্ফটিক কণা।
দুখের নেশায় বুঁদ হয়ে তাই জীবনবোনা।
বুকের ভেতর একলা তুমি- একলা আমি
একলা কাটে তোমার আমার দিবস-যামী।

জার্নিম্যান
বুক্স

দহন

আছো কাছে, তবু নেই!
এ বাস্তবতা বড়োই পোড়ায়!
একেকটা দিন কাটে তুমিহীন,
জীবনের খেরোখাতায়
বাড়ে আরেকটা দিন।
বিবর্ণ পৃথিবীর ধূসর ভূমিতে,
তোমাকে ছাড়াই দিব্যি
বেঁচে-বর্তে থাকার হিসেবে।
দূরত্ব কাঁদায় যতো,
নৈকট্য পোড়ায় তারও বেশি।

জোনাকি ম্যান বুক্স

অপার্থিব আলোর রাত

মায়াবী আঁধারে অপার্থিব
আলোর সেই রাত,
আঁকেনি যে নয়নে
কল্পনার কাব্যলোক-
তারই চোখে খুঁজে ফেরো
উত্তরের আলোর ঝিলিক!
উদ্ভাসিত সকালের প্রত্যাশায়
কেটে যায়-
বিনিদ্র রজনী!
বাতিঘর খুঁজে খুঁজে
ক্লান্ত আজ নাবিকের চোখ!
তারপরও বরফযুগের শেষেই
অনন্ত বসন্ত দিন, জেনো!
তবু কার দীর্ঘশ্বাস
শীতের বাতাসে-
এক টুকরো
মেঘ হয়ে ভাসে!
একাকী আঁধারে
আলোর উৎসবে
অবিরাম ঝরে যাবে বলে!

কোলাজ

মখমলে মোলায়েমে সযতনে
তুলে রাখা আয়না আমার।
কখন, কেমন করে
ভেঙে গেছে অগোচরে!
ভাঙাচোরা আয়নায়,
অচেনা প্রতিবিম্ব আজ!
একই ছবি ফিরে ফিরে,
বিচিত্র কোলাজ!

জানিম্যান বুক্‌স

প্রতিবিম্ব

যে তুমি আয়না শুধু আমারই,
যে চোখে দেখতে পাই নিজেরই ছায়া,
প্রতিবিম্ব যেই মুখ বুকের ভেতর,
তার সাথে দেখা নেই বহুকাল!

বহুপথ হেঁটে গেছি তার সন্ধানে,
বহুরাত নির্ঘুম তাকে ভেবে ভেবে,
খুঁজি তাকে জনারণ্যে, লোকালয়জুড়ে
তন্ন তন্ন করে ভেতরে বাহিরে।

খুঁজি আমি, দিনরাত ঘুরে ঘুরে ফিরি
দেখি-তবু দেখিও না, এ এক বিভ্রমে।
এই দেখি খুব কাছে, বাড়াই যেই হাত–
একরাশ শূন্যতায় ফেরে প্রত্যাঘাত।

অন্ধপ্রেম- বন্ধচোখ দেখে শুধু তাকে,
অন্তরের গভীরেতে একান্তে নীরবে।
মোহ মোহ বলে যাকে দেখলে না ফিরে
সে প্রেমই অনন্ত জেনো, প্রাণের শেকড়ে!

সমান্তরালে আঁকা জীবনের ছবি
দিগন্তে মেলাই যার ভবিতব্য
আর সব অনন্তে বিলীন।
সবকিছু অনন্তেই লীন!